



Email: birbhumbccb001@gmail.com (03462) 255304 / 254615

BIRBHUM DISTRICT CENTRAL CO-OPERATIVE BANK LTD.

BANKING LICENCE No. DCBS (KOL) 01 C Dtd 12/09/2016

P.O.-SURI ♦ DIST-BIRBHUM ♦ (WB) ♦ PIN-731101

স্মারক সংখ্যা:- HO/114



তারিখ:- 28/07/2021

নিলামের ইস্তাহার

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাইতেছে যে, বীরভূম জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিমিটেডের HO/69 তারিখ 22/06/2021 আদেশনামা অনুসারে আমি সেল অফিসার নিযুক্ত হইয়া আমার দ্বারা বীরভূম জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিমিটেডের নিম্ন তপশীলভুক্ত সম্পত্তি প্রকাশ্য নিলামের মাধ্যমে তপশীল বর্ণিত একখণ্ড/ পৃথক পৃথক খণ্ডে বিক্রয় করার ইস্তাহার জারি করা হইল।

যদি পরবর্তী কোনো আদেশ দ্বারা নিলাম বিক্রয়ের তারিখ বা স্থান পরিবর্তিত না হয় তাহা হইলে উক্ত নিলাম আগামী ২৫ শে আগষ্ট (বুধবার), ২০২১, সকাল ১১.৩০ ঘটিকায় বীরভূম জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক লিমিটেডের প্রধান কার্যালয়-স্থিত সভাকক্ষে সম্পন্ন হইবে।

সম্পত্তির বিবরণ

থানাঃ - মহঃ বাজার

চৌকি/ সাব রেজিস্ট্রী - সিউড়ি

মৌজাঃ- কোমরপুর

জে এল নং- ১২৮

এল আর খতিয়ান নং - ১২৬৯

দাগ নং- ৪২৩, ৪৩৩, ৪৩৪ এবং ৪৩৫

পরিমাণ- ৪২৩ দাগে ১ শতক, ৪৩৩ দাগে ৩ শতক, ৪৩৪ দাগে ৪ শতক এবং ৪৩৫ দাগে ৩ শতক = মোট ১১

(এগারো) শতক (পাকাবাড়ি সহ)

শ্রেণী - বাস্তু

চৌহদ্দি - উত্তরে রেবতী ভট্টাচার্য, শৈবাল ভট্টাচার্য, চম্পা মণ্ডল এবং প্রতিমা মণ্ডল; দক্ষিণে তপন মণ্ডল এবং পীযুষ মুখার্জী; পূর্বে বিদ্যুৎ মণ্ডল, বেনু মিত্রি এবং সুজিত ভট্টাচার্য; পশ্চিমে সুনীল মণ্ডল।

স্থানঃ- সিউড়ী

তারিখঃ- ২৮/০৭/২০২১

শ্রী অক্ষয় কুমার

সেল অফিসার

Sale Officer

নিলামের শর্তাবলী

(স্মারক সংখ্যা:- HO/114 তারিখ:- 28/07/2021)



১. তপসিলে বর্ণিত সম্পত্তির বিবরণ দাখিলকৃত নথি অনুযায়ী দেওয়া হইয়াছে।
২. নিলামের সময়ে উক্ত নিলাম ডাকিবার অধিকার প্রত্যেক ব্যক্তিরই থাকিবে এবং যাহারা নিলাম ক্রয় করিতে ইচ্ছুক তাঁহারা স্বয়ং বা ভারপ্রাপ্ত প্রতিনিধি মারফৎ নিলাম ডাকিতে পারিবেন। ভারপ্রাপ্ত প্রতিনিধির পূর্ণাঙ্গ বিবরণ এবং ভারপ্রাপ্ত প্রতিনিধির প্রত্যয়িত স্বাক্ষর সমেত ক্ষমতায়নপত্র সঙ্গে আনিতে হইবে।
৩. নিলামে অংশগ্রহনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংস্থার প্যাড-এ ভারপ্রাপ্ত প্রতিনিধি (অনধিক ২ জন)-এর নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, পদের নাম সহ অনুমতি পত্র দিতে হইবে এবং সংস্থার মালিক ঐ প্রতিনিধিগণের স্বাক্ষর প্রত্যয়িত করিয়া দিবেন। প্রতিষ্ঠানের নিজের আসল প্যান কার্ড এবং তার প্রত্যয়িত নকল আনিতে হইবে। সংস্থার মালিকের স্বপক্ষে প্রমাণপত্র আনিতে হইবে।
৪. নিলামের অংশগ্রহনকারী প্রতি পক্ষের সর্বাধিক দুইজন উপস্থিত থাকিতে পারিবেন।
৫. নিলামে উপস্থিত অংশগ্রহনকারী প্রতি ব্যক্তির আসল 'সচিত্র পরিচয় পত্র' এবং প্রত্যয়িত নকল আনিতে হইবে।
৬. নিলামের ইস্তাহারে উল্লিখিত সম্পত্তি যে অবস্থায় আছে ঐ অবস্থায় বিক্রয় হইবে।
৭. নিলাম বিষয় সংক্রান্ত যাবতীয় কার্যাবলী ব্যাঙ্কের পরিচালক মণ্ডলীর সিদ্ধান্ত ও নির্দেশ অনুযায়ী হইবে।
৮. নিলাম ডাকের সংখ্যা সেল অফিসারের উপর নির্ভর করিবে। প্রতি পক্ষের জন্য কমপক্ষে তিনবার ডাক অবশ্যই নেওয়া হইবে।
৯. নিলামের পূর্বে আনুষঙ্গিক কাজগুলি সম্পূর্ণ করিবার জন্য অংশগ্রহনকারী প্রত্যেককে বেলা ১০:৩০ ঘটিকার মধ্যে নিলাম স্থানে উপস্থিত হইতে হইবে।
১০. সাধারণত যেভাবে অস্থাবর সম্পত্তি নিলাম হইয়া থাকে সেই ভাবেই হইবে। ডাকের পরিমাণ কি হইল এবং কাহার ডাক সর্বোচ্চ হইল এ বিষয়ে বিবাদ উপস্থিত হইলে তৎক্ষণাত্ নুতন করিয়া নিলাম ডাকা হইবে।
১১. যাহার ডাক সর্বোচ্চ বলিয়া পরিগণিত হইবে তিনিই ক্রেতা ঘোষিত হইবেন। কিন্তু যদি সর্বোচ্চ ডাক ন্যায্য বলিয়া মনে না হয় অথবা দাবির তুলনায় যথেষ্ট না হয় তাহা হইলে সেল অফিসার সর্বোচ্চ ডাক গ্রাহ্য না করিয়া অবস্থানুসারে বিক্রয় স্থগিত রাখিবার অধিকার হইবেন। যদি উক্ত কারণে বা অন্য কারণে সেল অফিসার বিক্রয় স্থগিত রাখিতে বাধ্য হন তাহা হইলে সেই কারণগুলি তিনি লিপিবদ্ধ করিয়া বিক্রয় স্থগিত রাখিবেন।
১২. যদি কোনো ব্যক্তিকে ক্রেতা বলিয়া ঘোষিত করা হয় তাহা হইলে তিনি তৎক্ষণাত্ তাহার পণের শতকরা পঁচিশ (২৫%) টাকা সেল অফিসার-এর নিকট আমানত করিবেন যাহা ব্যাঙ্ক-এর রসিদে জমা লওয়া হইবে নতুবা সম্পত্তি তৎক্ষণাত্ নিলাম করিয়া পুনঃ বিক্রয় করা হইবে।
১৩. ক্রয় মূল্যের বাকী টাকা নিলামের তারিখ হইতে ১৫ দিনের মধ্যে অথবা তৎপূর্বে সেল অফিসার এর নিকট দাখিল করিতে হইবে। বাকী টাকা দাখিল হইলে সেল অফিসার ক্রয় মূল্যের প্রাপ্তি স্বীকার পূর্বক একখানি রসিদ দিবেন। বাকী টাকা নির্দিষ্ট দিনের মধ্যে জমা না হইলে, পূর্বের জমা টাকা বাজেয়াপ্ত করা হইবে এবং পুনরায় নিলাম হইবে।
১৪. নিলাম পরবর্তী কার্যাবলীর ক্ষেত্রে সাধারণ ক্রেতা-বিক্রেতার জন্য ভূমি-রাজস্ব দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার-এর যা নিয়মাবলী আছে তা প্রযোজ্য হইবে।
১৪. নিলামকার্য সাম্প্রতিক কোভিড-১৯ সম্পর্কিত রাজ্য সরকারের স্বাস্থ্য বিধি সংক্রান্ত আদেশনামা অনুযায়ী সম্পন্ন হইবে।
১৫. সেল অফিসার জরুরী ও আপৎকালীন পরিস্থিতিতে, নিলামের ইস্তাহারে ঘোষিত তারিখ ও স্থান পরিবর্তন করিতে পারিবে।
১৬. নিলামকার্য পরিচালনার বিষয়ে সেল অফিসারের সিদ্ধান্তই চূড়ান্ত হিসাবে গণ্য হইবে।

আমার স্বাক্ষর ও শীলমোহর দ্বারা অদ্য ২০২১ সালের জুলাই মাসের ১৮ তারিখ দিবসে প্রদত্ত হইল।

সেল অফিসার

Sale Officer